# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

**www.rajshahieducationboard.gov.bd**

২০১৯ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা সংক্রান্ত

## বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বর : রাশিবো/মাধ্য-১/পনি-১১ তারিখ : ৮ অক্টোবর ২০১৮ / ২৩ আশ্বিন ১৪২৫

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী-এর আওতাধীন মঞ্জুরী/একাডেমীক স্বীকৃতি/পাঠদানের অনুমতিপ্রাপ্ত সকল প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যার্থে, রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে ২০১৯ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষার Online-এ ফরম পূরণের নির্ধারিত ফি এবং প্রয়োজনীয় কাগজপত্র বোর্ডে জমা দেয়ার নিয়মাবলীসহ তারিখ নিম্নরূপভাবে নির্ধারণ করা হ'ল :

১. **online - এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (probable list) প্রদর্শন :** শিক্ষার্থীদের তথ্য সম্বলিত তালিকা রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েব সাইট **(www.rajshahieducationboard.gov.bd)-এ** ০৬-১১-২০১৮ তারিখ থেকে পাওয়া যাবে। ঐদিন থেকে ওয়েব সাইটে স্ব-স্ব প্রতিষ্ঠানের শিক্ষার্থীর তালিকা **Print (Download)** করা যাবে এবং online-এ কাজ করতে পারবেন। নিম্নে বর্ণিত তারিখের মধ্যে কাজ শেষ করতে হবে। ফরম পূরণ বাবদ ফি, সচিব মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী-এর হিসাব নম্বর SND - ৩৬০০০০৬৮ সোনালী ব্যাংক লিমিটেড, গ্রেটার রোড শাখা, রাজশাহী বরাবর সোনালী ব্যাংকের সোনালী সেবার (সংশ্লিষ্ট শাখার অফিসারের নামযুক্ত সীল ও স্বাক্ষরসহ) মাধ্যমে প্রদান করতে হবে। উক্ত মূল রশিদ এর সাথে অনিয়মিত পরীক্ষার্থীদের মূল প্রবেশপত্র ও Student statistics and payment statement **হিসাব আয় শাখায়(কক্ষ নম্বর- ৩০৬)** জমা দেয়ার পর পরীক্ষার্থীদের স্বাক্ষরযুক্ত এক সেট প্রিন্টকপি ও রশিদ এর ফটোকপি ও Student statistics and payment statement **মাধ্যমিক পরীক্ষা শাখায় (কক্ষ নম্বর- ২১৩)** জমা দিতে হবে এবং এক সেট অফিসে সংরক্ষণ করতে হবে।

২. ২০১৯ সালের এসএসসি পরীক্ষার ফরম পূরণের জন্য User ID হবে প্রতিষ্ঠানের EIIN এবং **নিবন্ধনের সময় সরবরাহকৃত প্রথম password ফরম পূরণের password হিসেবে ব্যবহার করতে হবে।**

৩. সোনালী সেবার'র রশিদ ও পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট আউট কপি এবং অন্যান্য কাগজপত্র বোর্ডে জমাদানের বিবরণ:

| ক্র: নং | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| (ক) | রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন এবং আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়সমূহে ১ থেকে ৪ বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী (যার ক্ষেত্রে যতটি বিষয় প্রযোজ্য) হিসাবে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীদের নিজ প্রতিষ্ঠান প্রধান বরাবর সাদা কাগজে আবেদন করার শেষ তারিখ :<br>**দ্রষ্টব্য :** যে সকল পরীক্ষার্থী ২০১৮ সালের এসএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে তারা জিপিএ উন্নয়নের জন্য ২০১৯ সালের পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবে; এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। ২০১৮ সালে আংশিক (১ থেকে ৪) বিষয়ে পরীক্ষা দিয়ে উত্তীর্ণ পরীক্ষার্থীরা জিপিএ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না। | ২৫-১০-২০১৮ |
| (খ) | যে সকল পরীক্ষার্থী (শিক্ষাবর্ষ ২০১৪-২০১৫) ৪র্থ বিষয় বাদে এক বিষয়ে অকৃতকার্য হয়েছে এবং রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়েছে তারা ২০০.০০ (দুইশত) টাকা সোনালী সেবায় জমা দিয়ে কেবলমাত্র ১ (এক) বছরের জন্য রেজিস্ট্রেশন নবায়নপূর্বক ২০১৯ সালের এসএসসি পরীক্ষায় অকৃতকার্য বিষয়ে অংশগ্রহণের সুযোগ পাবে। নিবন্ধন নবায়ন সংক্রান্ত ফি সোনালী সেবায় জমাদানের শেষ তারিখ | ১৪-১১-২০১৮ |
| (গ) | নির্বাচনি পরীক্ষা গ্রহণ এবং ফল প্রকাশের শেষ তারিখ | ০৫-১১-২০১৮ |
| (ঘ) | অনলাইনে ফরমপূরণ বিলম্ব ফি ছাড়া | ০৭-১১-২০১৮ থেকে ১৪-১১-২০১৮ |
| (ঙ) | বিলম্ব ফি ছাড়া সোনালী সেবার মাধ্যমে টাকা জমাদানের শেষ তারিখ | ১৫-১১-২০১৮ |
| (চ) | ১০০(একশত টাকা) হারে বিলম্ব ফি সহ অনলাইনে ফরমপূরণ | ১৬-১১-২০১৮ থেকে ২১-১১-২০১৮ |
| (ছ) | পরীক্ষার্থী প্রতি ১০০.০০ (একশত) টাকা হারে বিলম্ব ফিসহ সোনালী সেবার মাধ্যমে জমাদানের শেষ তারিখ | ২২-১১-২০১৮ |

| (জ) | জেলার নাম | ফি জমা দেয়ার সোনালী সেবার রশিদ ও স্বাক্ষরযুক্ত চূড়ান্ত প্রিন্ট আউট কপি এবং অন্যান্য কাগজপত্র ০১(এক) সেট হিসাবশাখায় এবং ০১(এক) সেট ফটোকপি মাধ্যমিক পরীক্ষায় শাখায় জমা দিতে হবে। |
|---|---|---|
| | জয়পুরহাট ও নাটোর জেলা | ২৫-১১-২০১৮ |
| | নওগাঁ ও সিরাজগঞ্জ জেলা | ২৬-১১-২০১৮ |
| | বগুড়া ও চাঁপাইনবাবগঞ্জ জেলা | ২৭-১১-২০১৮ |
| | রাজশাহী ও পাবনা জেলা | ২৮-১১-২০১৮ |

**বি:দ্র:** নির্ধারিত ২৮-**১১-২০১৮** তারিখের মধ্যে কাগজপত্র জমা দিতে ব্যর্থ হলে (২২-১১-২০১৮ তারিখের সোনালী সেবায় টাকা জমা দেয়া থাকলে) প্রতিদিন বিলম্বের জন্য প্রতিষ্ঠান প্রতি ১০০.০০ (একশত) টাকা হারে জরিমানা দিতে হবে। সর্বোচ্চ ০৬-**১২-২০১৮** (ছুটির দিন বাদে) তারিখ পর্যন্ত জরিমানাসহ কাগজপত্র জমা দেয়া যাবে কিন্তু এরপর কোনক্রমেই গ্রহণ করা হবে না।

**৪. পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা :**

**(ক) নিয়মিত পরীক্ষার্থী :**

কেবলমাত্র ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী ২০১৯ সালের এসএসসি পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে।

**(খ) অনিয়মিত পরীক্ষার্থী :**

১) ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী যারা ২০১৭ এবং ২০১৮ সালের এসএসসি পরীক্ষায় অকৃতকার্য হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা ২০১৯ সালের এসএসসি পরীক্ষায় নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

২) ২০১৭ ও ২০১৮ সালে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় ১ থেকে ৪ বিষয়ে অকৃতকার্য কিন্তু নিবন্ধনের মেয়াদ আছে তারা উক্ত অকৃতকার্য বিষয়সমূহে অথবা সকল বিষয়ে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

৩) যে সকল পরীক্ষার্থী ২০১৭ সালের এসএসসি পরীক্ষায় ১ থেকে ৪ বিষয়ে অকৃতকার্য হয়ে ২০১৮ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেনি রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০১৯ সালের এসএসসি পরীক্ষায় উক্ত ১ থেকে ৪ বিষয়ে (ঐচ্ছিক বিষয় ছাড়া) অথবা সব বিষয়ে অংশগ্রহণ করতে পারবে।

৪) যে সকল পরীক্ষার্থী ২০১৭ সালের এসএসসি পরীক্ষায় ১ থেকে ৪ বিষয়ে (ঐচ্ছিক বিষয় ছাড়া) অকৃতকার্য হয়ে ২০১৮ সালের এসএসসি পরীক্ষায় পুনরায় ঐ ১ থেকে ৪ বিষয়ে পরীক্ষা দিয়ে আংশিক বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হয়েছে অথবা অনুপস্থিত থেকেছে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০১৯ সালের এসএসসি পরীক্ষায় অবশিষ্ট বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৫) যে সকল পরীক্ষার্থী ২০১৮ সালের এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ অথচ ঐচ্ছিক (চতুর্থ) বিষয়ে অকৃতকার্য হয়েছে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলেও তারা ২০১৯ সালের এসএসসি পরীক্ষায় উক্ত ঐচ্ছিক (চতুর্থ) বিষয়ে আংশিক পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে না।

৬) যে সকল পরীক্ষার্থী ২০১৭ সালের এসএসসি পরীক্ষায় ১ থেকে ৪ বিষয়ে অকৃতকার্য হয়েছে ২০১৮ সালের এসএসসি পরীক্ষায় ঐ ১ থেকে ৪ বিষয়ে অংশগ্রহণকালে বহিস্কৃত বা রিপোর্টেড, শৃংখলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক কেবলমাত্র ২০১৮ সালের পরীক্ষা বাতিল, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০১৯ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণের সুযোগ পাবে। রেজিস্ট্রেশনের মেয়াদ না থাকলে নবায়ন করা যাবে না।

**৫. জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী :**

(ক) কেবলমাত্র ২০১৮ সালের এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু জিপিএ 5.00 এর কম প্রাপ্ত পরীক্ষার্থীরা জিপিএ উন্নয়নের জন্য রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০১৯ সালে জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে এক্ষেত্রে তাদের সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে **(আংশিক বিষয়ে উত্তীর্ণ পরীক্ষার্থীরা কোনক্রমেই জিপিএ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না)**। পরীক্ষার্থীরা নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে তালিকাভুক্ত হয়ে ফিসহ নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন করতে হবে। কোনক্রমেই তারা পূর্বে গৃহীত বিষয় পরিবর্তন করতে পারবে না এবং তাদেরকে পূর্বের রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করতে হবে। ২০১৮ সালের এসএসসি পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি, একাডেমিক ট্রান্সক্রিপ্টের সত্যায়িত ফটোকপি ও জিপিএ উন্নয়ন ফরমসহ ২(দুই) সেট প্রিন্ট কপির সাথে দাখিল করতে হবে। **জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীদের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রবেশপত্র বোর্ডের কোথাও জমা দিতে হবে না।**

(খ) যে সকল পরীক্ষার্থী ২০১৭ সালের এসএসসি পরীক্ষায় এক বিষয়ে (ঐচ্ছিক বিষয় ছাড়া) অকৃতকার্য হয়ে রেজিস্ট্রেশন নবায়ন করে ২০১৮ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে তারা ২০১৯ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষায় জিপিএ উন্নয়নের জন্য অংশগ্রহণ করতে পারবে না।

**৬. পাঠ্যসূচি :**

(ক) ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২০১৯ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে ;

(খ) ২০১৭-২০১৮ নিয়মিত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২০১৯ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রের পরীক্ষা অনুষ্ঠিত হবে বাংলা ১ম পত্র ;

(গ) ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২০১৮ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে বাংলা ১ম পত্র ;

(ঘ) ২০১৪-২০১৫(নবায়নকৃত), ২০১৫-২০১৬,২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২০১৯ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে ইংরেজি ২য় পত্র ;

(ঙ) ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২০১৯ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে ইংরেজি ১ম পত্র ;

(চ) ২০১৪-২০১৫(নবায়নকৃত) এবং ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২০১৭ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে ইংরেজি ১ম পত্র ;

(ছ) ২০১৪-২০১৫(নবায়নকৃত) শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২০১৬ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে ;

(জ) নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে শারিরীক শিক্ষা ,স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার এডুকেশন বিষয় সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েব সাইটে Online-এ প্রেরণ করবে।

**৭. নির্বাচনি পরীক্ষা :**

জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী ছাড়া সকল পরীক্ষার্থীকে (নিয়মিত/অনিয়মিত) নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। তবে ১ থেকে ৪ বিষয়ে অংশগ্রহণ করতে ইচ্ছুক পরীক্ষার্থীদের ক্ষেত্রে নির্বাচনি পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি শিথিলযোগ্য। প্রয়োজনবোধে এ বোর্ডে তাদের নির্বাচনি পরীক্ষার উত্তরপত্র ও স্বাক্ষরলিপি সরবরাহ করতে হবে। এ কারণে নির্বাচনি পরীক্ষার উত্তরপত্র ও স্বাক্ষরলিপি নিজ প্রতিষ্ঠানে যথারীতি সংরক্ষণ করতে হবে।

**৮. প্রতিষ্ঠান পরিবর্তন :**

কোনক্রমেই এক প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী অন্য প্রতিষ্ঠানের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে পিতা/মাতার

বদলীজনিত কারণে নিয়মিত শিক্ষার্থী নিয়মানুযায়ী বৈধ ছাড়পত্রের মাধ্যমে প্রতিষ্ঠান পরিবর্তন করে থাকলে প্রতিষ্ঠান পরিবর্তনের প্রামাণ্য কাগজপত্র (যথা: বৈধ বদলীর তথ্য ফরম, ছাড়পত্রের সত্যায়িত ফটোকপি এবং অত্র বোর্ডের নিবন্ধন কার্ডের সত্যায়িত ফটোকপিসহ ০২ সেট) আলাদাভাবে মাধ্যমিক পরীক্ষা শাখায় জমা দিতে হবে। **ডিটেন্ড এবং অকৃতকার্য পরীক্ষার্থী কোনক্রমেই ছাড়পত্রের মাধ্যমে প্রতিষ্ঠান পরিবর্তন করতে পারবে না।**

৯. **স্ক্রাইব (শ্রুতিলেখক) নিয়োগ :**

বোর্ডের অনুমতিক্রমে কোন অন্ধ প্রতিবন্ধী, সেরিব্রাল পালসিজনিত প্রতিবন্ধী এবং যাদের হাত নেই এমন প্রতিবন্ধী পরীক্ষার্থী স্ক্রাইব (শ্রুতিলেখক) স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠানের ২০১৯ সালের অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে থেকে নির্বাচন করতে হবে। নির্বাচিত শিক্ষার্থীর স্ক্রাইব (শ্রুতিলেখক) পূর্ণ বিবরণ ও অভিভাবকের সম্মতি ও উভয়ের ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ফটোসহ দরখাস্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতির জন্য বোর্ডে পৌঁছাতে হবে। অন্ধ প্রতিবন্ধী, সেরিব্রাল পালসিজনিত প্রতিবন্ধী এবং যাদের হাত নেই এমন প্রতিবন্ধী পরীক্ষার্থীর ক্ষেত্রে সমাজ সেবা অধিদপ্তর ও সিভিল সার্জন-এর সার্টিফিকেট দিতে হবে এবং এ ধরনের পরীক্ষার্থীদের জন্য প্রয়োজনে পরীক্ষার নির্ধারিত সময়ের পরে অতিরিক্ত ৩০ (ত্রিশ) মিনিট সময় বৃদ্ধি করা যাবে।

১০. **প্রাইভেট পরীক্ষা সংক্রান্ত :**

এসএসসি পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণের কোন বিধান/সুযোগ নেই।

১১. **২০১৯ সালে অনুষ্ঠেয় এসএসসি পরীক্ষার ফি-এর হার :**

| পরীক্ষার্থীর বিবরণ | পরীক্ষার ফি (প্রতি পত্র) | ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি বিষয়) | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (প্রতি পরীক্ষার্থী) | মূল সনদ ফি (প্রতি পরীক্ষার্থী) | রিটেনশন ফি (প্রতি পরীক্ষার্থী) (ডিটেন্ড ও অনিয়মিত পরীক্ষার্থীর জন্য প্রযোজ্য) | অনুমতি ও তালিকাভুক্তি ফি (প্রতি পরীক্ষার্থী) | বয়স্কাউট/ গার্লস গাইড ফি (প্রতি পরীক্ষার্থী) | জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (প্রতি পরীক্ষার্থী) | ক্রীড়া মঞ্জুরী ফি (প্রতিষ্ঠান প্রতি) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| নিয়মিত/ডিটেন্ড পরীক্ষার্থী | ৯০.০০ | ৪০.০০ | ৩৫.০০ | ১০০.০০ | ১০০.০০ | --- | ১৫.০০ | ৫.০০ | ৩০০.০০ |
| অনিয়মিত পরীক্ষার্থী (১ হতে ৪ বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীসহ) | ৯০.০০ | ৪০.০০ | ৩৫.০০ | --- | ১০০.০০ | --- | ১৫.০০ | ৫.০০ | |
| জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী | ৯০.০০ | ৪০.০০ | ৩৫.০০ | ১০০.০০ | --- | ১০০.০০ | ১৫.০০ | ৫.০০ | |

১২. **অন্যান্য ফি-এর হার :**

(ক) বিলম্ব ফি প্রতি পরীক্ষার্থী (যার জন্য প্রযোজ্য) ১০০.০০ (একশত) টাকা

(খ) রেজিস্ট্রেশন নবায়ন ফি প্রতি পরীক্ষার্থী (যার জন্য প্রযোজ্য) ২০০.০০ (দুইশত) টাকা

১৩. **কেন্দ্র ফি (সংশ্লিষ্ট কেন্দ্রের সচিবকে দিতে হবে) :**

(ক) সকল প্রকারের পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা নেই (পরীক্ষার্থী প্রতি) ৩০০.০০ (তিনশত ) টাকা

(খ) সকল প্রকারের পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা আছে (পরীক্ষার্থী প্রতি) ৩৫০.০০ (তিনশত পঞ্চাশ) টাকা

(গ) এসএসসি পরীক্ষার ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি (অভ্যন্তরীণ ও বহিরাগত পরীক্ষকদের জন্য) পত্র প্রতি ১০/-(দশ) টাকা।

১৪ **প্রতিপত্র ব্যবহারিক পরীক্ষার ফি ৪০.০০(চল্লিশ) টাকা এবং এর বিভাজন: ৩০.০০(ত্রিশ) টাকা বোর্ড তহবিলে এবং ১০.০০(দশ) টাকা কেন্দ্র সচিবকে দিতে হবে।** ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও আনুষাঙ্গিক কর্মসম্পাদনের পর পরই কেন্দ্রসচিব ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি বাবদ আদায়কৃত অর্থ হতে অভ্যন্তরীন পরীক্ষককে উত্তরপত্র প্রতি ৫.০০(পাঁচ) টাকা এবং বহিরাগত পরীক্ষককে উত্তরপত্র প্রতি ৫.০০(পাঁচ) টাকা হারে সম্মানী/পারিশ্রমিক পরিশোধ করবেন। তবে যোগাযোগ প্রযুক্তি(১৫৪),শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান এবং খেলাধুলা(১৪৭) এবং ক্যারিয়ার শিক্ষা(১৫৬) বিষয়ে ব্যবহারিক পরীক্ষর ফি আদায়কৃত ৩০.০০(ত্রিশ) টাকার বিভাজন: ৫(পাঁচ) টাকা শিক্ষা বোর্ড তহবিলে, কেন্দ্র সচিব ৭.০০(সাত) টাকা, নিজ প্রতিষ্ঠানে ৮.০০(আট) টাকা এবং উত্তরপত্র মূল্যায়ন বাবদ পরীক্ষককে ১০.০০(দশ) টাকা দিতে হবে। উল্লেখ্য, এ বিষয়ে শিক্ষা বোর্ড টিএ/ডিএ বা উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোন প্রকার সম্মানী প্রদান করবে না। কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ দ্বারা সংশ্লিষ্ট কেন্দ্র/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ তত্ত্বীয় এবং ব্যবহারিক উভয় প্রকার পরীক্ষা পরিচালনার যাবতীয় ব্যয় নির্বাহ করবে। এ ছাড়া ঢাকাস্থ বি.জি. প্রেস থেকে প্রশ্নপত্র আনায়ন, শিক্ষা বোর্ড থেকে সাদা উত্তারপত্রসহ পরীক্ষা সংক্রান্ত আনুষঙ্গিক উপকরণাদি সংগ্রহ করার জন্য প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে বহন করতে হবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের ব্যবহারিক পরীক্ষা স্ব- স্ব প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে।

১৫. **বহিস্কৃত পরীক্ষার্থীদের জ্ঞাতব্য বিষয় :**

বহিস্কৃত পরীক্ষার্থী যাদের শাস্তির মেয়াদ উত্তীর্ণ হয়েছে এবং রেজিস্ট্রেশনের মেয়াদ আছে তারা ২০১৯ সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৬. **রেজিস্ট্রেশন নবায়ন পদ্ধতি :**

যে সকল পরীক্ষার্থীর ২০১৮ সালে নিবন্ধনের মেয়াদ শেষ হয়েছে কিন্তু এক বিষয়ে পাস করতে বাকি আছে ২০০.০০ (দুইশত) টাকা সোনালী সেবার মাধ্যমে জমাদান সাপেক্ষে সে সকল পরীক্ষার্থীদের নিবন্ধনের মেয়াদ কেবলমাত্র ১ (এক) বছরের জন্য নবায়ন করে ২০১৯ সালের মাধ্যমিক পরীক্ষায় উক্ত এক বিষয়ে অংশগ্রহণের সুযোগ পাবে। নিবন্ধন সংক্রান্ত ফি সোনালী সেবায় জমাদানের শেষ তারিখ **১৪-১১-২০১৮**। উক্ত তারিখের পর কোন অবস্থাতেই মেয়াদ উত্তীর্ণ রেজিস্ট্রেশন নবায়ন করা হবে না। মেয়াদ উত্তীর্ণ রেজিস্ট্রেশন কার্ড নবায়নের জন্য আবেদনপত্র দু'প্রস্থ করতে হবে। এক প্রস্থ যেমন রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, প্রবেশপত্রের ফটোকপি ও টেবুলেশন শীটের সত্যায়িত ফটোকপি এবং সোনালী সেবার রশিদের মূলকপি সংযুক্ত করে হিসার আয় শাখার (কক্ষ নম্বর- ৩০৬) জমা দিতে হবে। অন্য প্রস্থ যেমন মূল রেজিস্ট্রেশন কার্ড, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, প্রবেশপত্রের ফটোকপি ও টেবুলেশন শীটের সত্যায়িত ফটোকপি এবং সোনালী সেবার রশিদের ফটোকপি সংযুক্ত করে মাধ্যমিক পরীক্ষা শাখায় (কক্ষ নম্বর-২১৩) জমা দিয়ে নির্ধারিত তারিখের মধ্যে রেজিস্ট্রেশন কার্ড নবায়ন করতে হবে।

১৭. **পরীক্ষার মাধ্যম :**

কোন শিক্ষা প্রতিষ্ঠানের পরীক্ষার্থী ENGLISH VERSION পরীক্ষায় অংশগ্রহণ করতে চাইলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান বিষয়ওয়ারী এক কপি তালিকা সহ-পরীক্ষা নিয়ন্ত্রক(গোপনীয়)-এর নিকট হাতে হাতে **১৫-১০-২০১৮** তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ENGLISH VERSION পরীক্ষা গ্রহণ সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

**ছক**

| শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা | শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা | শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

১৮. **বিশেষ পরামর্শ :**

(ক) রেজিস্ট্রেশন কার্ডে বর্ণিত বিষয় ছাড়া অন্য বিষয়ে ফরম পূরণ করা যাবে না। নিয়মিত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডে বিষয়, শিক্ষার্থীর নাম, মাতা-পিতার নাম ভুল হলে নির্দিষ্ট সময়সীমার মধ্যে সংশোধন করতে হবে। প্রবেশপত্র ইস্যু হওয়ার পর পরীক্ষা চলাকালীন পর্যন্ত শিক্ষার্থী প্রতি ৫০০.০০ (পাঁচশত) টাকা ফি প্রদানপূর্বক প্রবেশপত্র সংশোধন করা যাবে। ফল প্রকাশের পরে প্রবেশপত্রের বিষয় সংশোধন করতে শিক্ষার্থী প্রতি ২০০০.০০ (দুই হাজার) টাকা ফি প্রদান করতে হবে। ৩ (তিন) মাস পরে এ সংক্রান্ত কোন বিষয় বিবেচনা করা হবে না।

(খ) উল্লিখিত সময়সূচি অনুযায়ী সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল। একই সঙ্গে পরীক্ষার্থী, শিক্ষক, অভিভাবক ও কেন্দ্র সচিবগণকে জানানো যাচ্ছে যে, এসএসসি পরীক্ষায় কোন পরীক্ষার্থীর পরীক্ষা নিজ প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে না। এক প্রতিষ্ঠান থেকে অন্য প্রতিষ্ঠানে পরীক্ষার্থী স্থানান্তরের মাধ্যমে পরীক্ষা গ্রহণ করা হবে। প্রশ্নপত্রে গতানুগতিক ধারার পরিবর্তন আনা হবে। কোন টেক্সট বই, নোট বই, গাইড বই, সাজেশন বই ইত্যাদি থেকে হুবহু প্রশ্ন উদ্ধৃত করা হবে না। গণিতের প্রশ্নের সংখ্যায় বা অন্য কোন বিষয়ের প্রশ্নপত্রে গাণিতিক সংখ্যা টেক্সট বই, নোট বই, গাইড বই, সাজেশন বই ইত্যাদি থেকে হুবহু উদ্ধৃত করা হবে না। শিক্ষার্থীর মেধা ও পঠিত বিষয়সমূহের আলোকে অর্জিত জ্ঞান যাচাইয়ের লক্ষ্যে প্রশ্নের ধরণ, ভাষা ও গাণিতিক সংখ্যার গুণগত পরিবর্তন আনা হবে। পরিবর্তিত প্রেক্ষাপটে ষষ্ঠ থেকে দশম শ্রেণি পর্যন্ত সকল শ্রেণিতে সমগ্র পাঠ্যসূচির উপর পাঠদান ও অভ্যন্তরীণ পরীক্ষায় সৃজনশীল/বিশ্লেষণধর্মী প্রশ্নপত্র প্রণয়নে যত্নবান হওয়ার লক্ষ্যে এবং ফলাফল প্রকাশে গ্রেডিং পদ্ধতি অবলম্বনের জন্য প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষকমন্ডলীকে অনুরোধ করা হ'ল।

০৮/১০/১৮

**প্রফেসর ড. মো. আনারুল হক প্রাং**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন- ০৭২১-৭৭৬২৩১
controller@rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর : রাশিবো/মাধ্য-১/পনি-**১৩৯**(৩০০০) তারিখ : ০৮/১০/২০১৮

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, রাজশাহী
৪. ডি. আই. জি , রাজশাহী রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, রাজশাহী
৫. পুলিশ কমিশনার, আর. এম. পি. রাজশাহী
৬. জেলা প্রশাসক, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
৭. পরিচালক (সেসিপ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৮. ইঞ্জিনিয়ার ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, রাজশাহী
৯. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী অঞ্চল, রাজশাহী
১০. পুলিশ সুপার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
১১. রাজশাহী শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা
১২. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/যশোর/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড
১৩. উপ-পরিচালক (হিঃ ও নিঃ), রাজশাহী শিক্ষা বোর্ড
১৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, রাজশাহী শিক্ষা বোর্ড
১৫. রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসার
১৬. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, গ্রেটার রোড শাখা, রাজশাহী
১৭. জেলা শিক্ষা কর্মকর্তা, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
১৮. রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন মঞ্জুরীপ্রাপ্ত সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষক/অধ্যক্ষ
১৯. রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার আওতাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
২০. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাজশাহী শিক্ষা বোর্ড
২১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, চিঠিপত্র গ্রহণ শাখা, রাজশাহী শিক্ষা বোর্ড
২২. নিরাপত্তা কর্মকর্তা, রাজশাহী শিক্ষা বোর্ড
২৩. গার্ড ফাইল

৮/১০/২০১৮

**হোসনে আরা আরজু**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন # ০৭২১-৭৭৫৮৫১
dcs@rajshahieducationboard.gov.bd

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www. rajshahieducationboard.gov.bd

## ২০১৯ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার হিসাব বিবরণী ছক

**প্রতিষ্ঠানের নাম : ..........................................................................................ডাকঘর : ................................উপজেলা/থানা : ..................................জেলা : .......................................**

**প্রতিষ্ঠানের কোড নম্বর : ..................................................কেন্দ্রের কোড নম্বর : ............................................জেলা কোড নম্বর : ........................................মোবাইল নম্বর : ........................................**

| শাখার নাম | পরীক্ষার্থীর সংখ্যা | ব্যবহারিক বিষয়ভিত্তিক পরীক্ষার্থীর সংখ্যা | | | | | | | | প্রতিষ্ঠান কর্তৃক মূল্যায়ণকৃত বিষয়ভিত্তিক পরীক্ষার্থীর সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পদার্থ ১৩৬ | রসায়ন ১৩৭ | উচ্চতর গণিত ১২৬ | জীববিজ্ঞান ১৩৮ | গার্হস্থ্য বিজ্ঞান ১৫১ | সংগীত ১৪৯ | চারু ও কারুকলা ১৪৮ | কৃষি শিক্ষা ১৩৪ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ১৫৪ | শারীরিক শিক্ষা,স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা ১৪৭ | ক্যারিয়ার এডুকেশন ১৫৬ |
| বিজ্ঞান শাখা | | | | | | | | | | | | |
| মানবিক শাখা | | | | | | | | | | | | |
| ব্যবসায় শিক্ষা শাখা | | | | | | | | | | | | |
| ১ থেকে ৪ বিষয়ের পরীক্ষার্থী | | | | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | | | | |

## ছক "ক"

| শাখার নাম | নিয়মিত | অনিয়মিত | জিপিএ উন্নয়ন | ১ থেকে ৪ বিষয়ে অনিয়মিত পরীক্ষার্থী | | | | মোট | ছাত্র | ছাত্রী | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ১ | ২ | ৩ | ৪ | | | | | |
| বিজ্ঞান শাখা | | | | | | | | | | | | |
| মানবিক শাখা | | | | | | | | | | | | |
| ব্যবসায় শিক্ষা শাখা | | | | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | | | | |

বি:দ্র: (ক) ২০১৯ সালে অনুষ্ঠিতব্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার বিষয়ওয়ারী পরীক্ষার্থীর সংখ্যা উল্লেখপূর্বক ৩ কপি পূরণ করতে হবে

(খ) প্রশ্নপত্র বিবরণী ছক মাধ্যমিক পরীক্ষা শাখায় ১ কপি, হিসাব আয় শাখায় ১ কপি জমা দিতে হবে এবং ১ কপি নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর

তারিখ : ............................

সীলমোহর

D:Con-03-4

## ছক “খ”

বি:দ্র: পরীক্ষার ফি এ বোর্ডের সচিবের অনুকূলে SND ৩৬০০০০৬৮ হিসাব নম্বরে সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে। তারিখ : ..........................................

| পরীক্ষার্থীর বিবরণ | পরীক্ষার্থীর সংখ্যা | | | পরীক্ষার্থীর ফি প্রতি পত্র ৯০/- (নব্বই) টাকা | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (প্রতি পরীক্ষার্থী) ৩৫/-(পঁয়ত্রিশ) টাকা | মূল সনদ ফি (প্রতি পরীক্ষার্থী) ১০০/- (একশত) টাকা | অনিয়মিত (ডিটেন্ড/রিটেন্ড) ১ হতে ৪ বিষয় (প্রতি পরীক্ষার্থী) ফি ১০০/-(একশত) টাকা | জিপিএ উন্নয়ন অনুমতি ফি (প্রতি পরীক্ষার্থী) ১০০/-(একশত) টাকা | ব্যবহারিক পরীক্ষার ফি প্রতি বিষয় ৩০/-(ত্রিশ) টাকা হারে (পদা,রসা,জীব,উগ,গাবি, কৃষি,সংগীত এবং চাঃ কাঃ কলা) | মূল্যায়নকৃত পরীক্ষার ফি প্রতি বিষয় ৫/- (পাঁচ) টাকা হারে (আইসিটি, শাঃস্বাঃখেঃ, ক্যারিঃ) | বিলম্ব ফি প্রতি পরীক্ষার্থী ১০০/- (একশত) টাকা | বয় স্কাউট/গার্লর্স গাইড ফি ১৫/- (পনের) টাকা প্রতি পরীক্ষার্থী | | জাতীয় শিক্ষা সপ্তাহ ফি ৫/-(পাঁচ) টাকা প্রতি পরীক্ষার্থী | ক্রীড়া মঞ্জুরী ফি প্রতিষ্ঠান প্রতি ৩০০/- (তিনশত) টাকা | মোট টাকার পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| নিয়মিত/ডিটেন্ড পরীক্ষার্থী | ছাত্র | ছাত্রী | মোট | | | | | | | | | বয় স্কাউট | গার্লর্স গাইড | | | | |
| অনিয়মিত পরীক্ষার্থী | | | | | | | | | | | | | | | | | |
| অনিয়মিত ১ বিষয় | | | | | | | | | | | | | | | | | |
| ২ বিষয় | | | | | | | | | | | | | | | | | |
| ৩ বিষয় | | | | | | | | | | | | | | | | | |
| ৪ বিষয় | | | | | | | | | | | | | | | | | |
| জিপিএ উন্নয়ন | | | | | | | | | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | | | | | | | | | |

**পরীক্ষার ফি** : ..........................................................................

**ব্যবহারিক ফি** : ..........................................................................

**জিপিএ উন্নয়ন ফি** : ..........................................................................

**একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি** : ..........................................................................

**মূল সনদ ফি** : ..........................................................................

**অনিয়মিত ফি** : ..........................................................................

**বয় স্কাউট ফি** : ..........................................................................

**গার্লর্স গাইড ফি** : ..........................................................................

**জাতীয় শিক্ষা সপ্তাহ ফি** : ..........................................................................

**বিলম্ব ফি** : ..........................................................................

**ক্রীড়া মঞ্জুরী ফি** : ..........................................................................

**অন্যান্য** : ..........................................................................

**মোট** : ..........................................................................

(ক) রিটেন্ড ও ডিটেন্ড ১ থেকে ৪ বিষয়ের পরীক্ষার্থীর মূল প্রবেশ পত্রের সংখ্যা ................................................. খানা

(খ) ব্যাংকের নাম ও শাখা : ........................................................................................................

টাকা জমা দেয়ার রশিদ নম্বর :...........................তারিখ : ................................. টাকা : .........................

বি:দ্র: (ক) টাকা জমা দেয়ার রশিদসহ পূরণকৃত হিসাব বিবরণীর ছক প্রিন্ট কপির সাথে সংযুক্ত করতে হবে, অন্যথায় পরীক্ষার প্রিন্ট কপি গ্রহণ করা হবে না। কম্পিউটারের মাধ্যমে পরীক্ষার্থীর সংখ্যা নিরূপন করা হবে বিধায়, দাখিলকৃত ফি কম-বেশী হলে প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

(খ) পরীক্ষা সংক্রান্ত ফি কোন অবস্থাতেই সমন্বয় করা হবে না।

(গ) প্রদত্ত তথ্যাবলীতে কোনরূপ ভুল পরিলক্ষিত হলে তজ্জন্য প্রতিষ্ঠান প্রধানকে একককভাবে দায়ী করা হবে।

(ঘ) পরীক্ষার ফি SND ৩৬০০০০৬৮ হিসাব নম্বরে সোনালী সেবার মাধ্যমে সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর অনুকূলে হতে হবে।

বি:দ্র: শারীরিক শিক্ষা ,স্বাস্থ্য বিজ্ঞান এবং খেলাধুলা(১৪৭) ও ক্যারিয়ার এডুকেশন(১৫৬) বিষয়ের পরীক্ষার ফি বাবদ ৯০/-(নব্বই) টাকা প্রযোজ্য নহে।

যাচাই করা হ'ল/বিবরণী সঠিক আছে

**প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও তারিখ**

সীলমোহর

মোবাইল নম্বর : .......................

**সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর**